

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

২০০৪ সালের ৭ শতাংশ বকেয়া ডি এ ও রাজ্য
সরকারের ন্যায় ৩ শতাংশ ডি এ এডিসির কর্মচারীদের
প্রদান করতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত

এডিসি।স-৩৮
খুমলুঙ,৬।২।১০ইং

এডিসির কর্মচারীদের ২০০৪ সালের ৭ শতাংশ বকেয়া ডি এ ও ২০১০ সালের ১লা জানুয়ারী থেকে রাজ্য সরকারের ন্যায় ৩ শতাংশ ডি এ প্রদান করতে এডিসি কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে । এ সংবাদ জানান এডিসির তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা ।

গতকাল খুমলুঙে মুখ্য নির্বাহী সদস্য শ্রীরণজিৎ দেববর্মার সভাপতিত্বে কার্যকরী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয় । আজ এক সাক্ষাতকারে তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীদেববর্মা এই সিদ্ধান্তের সংবাদ জানান । প্রসঙ্গত উল্লেখ্য ২০০৪ সালে এডিসির কতিপয় শিক্ষক কর্মচারীরা ৭ শতাংশ ডি এ পাওয়ার জন্য কোর্টে মামলা দায়ের করেন । এরফলে দীর্ঘদিন ধরে এডিসির কর্মচারীরা ৭ শতাংশ ডি এ বঞ্চিত ছিলেন । চলতি বছরের চলতি মাসে এই মামলা প্রত্যাহার করে নেওয়ায় বর্তমান এডিসি কর্তৃপক্ষ বকেয়া ৭ শতাংশ ডি এ মিটিয়ে দিতে সিদ্ধান্ত নেয় । এতে ৯৯ লক্ষ ৫০ হাজার টাকা খরচ হবে । তিনি আরও জানান রাজ্য সরকারের ন্যায় চলতি বছরের ১লা জানুয়ারী থেকে ৩ শতাংশ ডি এ এডিসির কর্মচারীদের দেওয়ার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় । সে জন্য চলতি আর্থিক বছরে ৫৪ লক্ষ টাকা খরচ হবে । এরফলে পি টি ডব্লিউ ,ডি আর ডব্লিউ ,ফিক্সড পে কর্মচারী সহ এডিসির সমস্ত কর্মচারী উপকৃত হবেন । এছাড়া তিনি জানান এখন থেকে জোন্যাল , সাব জোন্যাল , বি ডি সির সমস্ত সদস্যকে প্রত্যেক মিটিং এ ৫০ টাকা করে সিটিং অ্যালাউন্স দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় । এছাড়া ও তিনি জানান এডিসি এলাকার শিক্ষা ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে বিভিন্ন সরকার অনুমোদিত বেসরকারী সংস্থাদের দায়িত্ব দেওয়া হবে । স্কুল পরিচালনার জন্য ৫০ জন ছাত্রছাত্রী হলে প্রত্যেক মাসে প্রতি স্কুলকে ৫ হাজার টাকা , ৫০ জনের বেশী ৭৫ জনের ছাত্রছাত্রী হলে ৭ হাজার ৫০০ টাকা এবং ১০০ জনের বেশী হলে ১০ হাজার টাকা দেওয়া হবে । বিশেষ করে ইংরেজী মাধ্যম স্কুলগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে বলে বৈঠকের সিদ্ধান্তের কথা শ্রীদেববর্মা জানান ।

এডিসি।স-৩৯

পশ্চিম জেলার প্রথম মান্দাই ব্লকে রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা চালু

খুমলুঙ,৬।২।১০ইং

আজ সদরের মান্দাই এ স্থানীয় গার্লস স্কুল প্রাঙ্গণে পশ্চিম জেলার মধ্যে মান্দাই ব্লকে রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা প্রথম চালু করা হয় । অনুষ্ঠানে বিভিন্ন ভিলেজ কমিটির পরিবারদের মধ্যে স্মার্ট কার্ড বিতরণ করা হয় ।

এই বিতরণ অনুষ্ঠান চালু করেন এডিসির শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক শ্রীমনোরঞ্জন দেববর্মা । এছাড়া উপস্থিত ছিলেন পশ্চিম জেলার শ্রম আধিকারিক শ্রীআনন্দ ত্রিপুরা প্রমুখ । সভাপতিত্ব করেন মান্দাই ভিলেজ কমিটির চেয়ারপার্সন শ্রীমতী নমিতা দেববর্মা । স্বাগত ভাষণ রাখেন মান্দাই ব্লকের বি ডি ও শ্রীপ্রদীপ কুমার দেববর্মা ।

উদ্বোধনী ভাষণে শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা বলেন গরীব অংশের মানুষের স্বাস্থ্য পরিষেবা বাড়ানোর লক্ষ্যে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে । শুধু তাই নয় শিক্ষা , পানীয় জল ,যোগাযোগের জন্য বিশেষ ভাবে জোর দেওয়া হচ্ছে । এই সুযোগগুলো সঠিক ভাবে গ্রহণ করতে শ্রীদেববর্মা গুরুত্বারোপ করেন ।

প্রধান অতিথির ভাষণে বিধায়ক শ্রীমনোরঞ্জন দেববর্মা জানান মান্দাই ব্লকের সবচেয়ে দুর্গম হারবাং ভিলেজে মোট ১৫০টি পরিবার রয়েছে । এই ১৫০টি পরিবারকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে । তিনি জানান মান্দাই ব্লক একালায় ৪৯৫৪ পরিবারকে এর আওতায় আনা হয়েছে । এছাড়া এই প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করতে প্রশাসনের প্রক্রিয়া চলছে বলে শ্রীদেববর্মা জানান ।